গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর,
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা
ফোন-৯৫৬২৭৯৫, ফ্যাক্স-৮৮-০২-৯৫৬২৯১৩
Visit http://www.pwd.gov.bd

স্মারক নং-২এফ-৬৪/২০১১(অংশ)/ ৪৫৮(৬) হি-১, তারিখঃ- ০৫/০৯/১৪২২বাং / ২০/১২/২০১৫ইং

বরাবর,

তত্ত্বাবধায়ক প্রকৌশলী,
গণপূর্ত সার্কেল-ময়মনসিংহ/ সিলেট/ বরিশাল।

বিষয়ঃ- "দেশের গুরুত্বপূর্ণ ২৫টি উপজেলা সদর/ স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের মূলধন খাতের অর্থ বরাদ্দ।

উপরোক্ত প্রকল্পের কাজে চলতি ২০১৫-২০১৬-আর্থিক সালে খরচ করিবার জন্য ১ম ও ২য় কিস্তিতে মূলধন খাতে ছাড়কৃত অর্থ হইতে মোট =১৩৩.০৬ লক্ষ (এক কোটি তেত্রিশ লক্ষ ছয় হাজার) টাকা মাত্র নিম্ন বর্ণিত বিভাজন মোতাবেক বরাদ্দ করা হইল:-

| ক্রমিক | ফায়ার ষ্টেশনের নাম | অর্থ বরাদ্দ | গণপূর্ত সার্কেল | গণপূর্ত বিভাগ |
|---|---|---|---|---|
| ০১ | তাড়াইল- কিশোরগঞ্জ | ৪০.০০ লক্ষ | ময়মনসিংহ সার্কেল | কিশোরগঞ্জ বিভাগ |
| ০২ | দিরাই-সুনামগঞ্জ | ৫০.০০ লক্ষ | সিলেট সার্কেল | সুনামগঞ্জ |
| ০৩ | বিশ্বম্ভরপুর- সুনামগঞ্জ | ৪০.০০ লক্ষ | সিলেট সার্কেল | সুনামগঞ্জ |
| ০৪ | তজমুদ্দিন-ভোলা | ৩.০৬ লক্ষ | বরিশাল সার্কেল | ভোলা বিভাগ |
| | মোট = | ১৩৩.০৬ লক্ষ | | |

উক্ত খরচ প্রকল্প পরিচালক, ২৫টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন শীর্ষক প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকার স্মারক নং/১২৩৪৫ তারিখঃ-০৮-১২-২০১৫ইং এর দ্বারা প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ন্যস্তকৃত =১৩৩.০৬ লক্ষ টাকা উন্নয়ন বাজেটের গ্রান্ট নং-১৮, হিসাবের কোড নং-৫-২২৬১-৫৪৪০-৭০০১,৭০০৬ ও ৭০১৬ খাতসমূহের ২০১৫-২০১৬ আর্থিক সালের বাজেট বরাদ্দ হইতে বহন/ সংকুলান করিতে হইবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করিতে হইবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করিবার নিমিত্তে সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলীর নিকট পুনঃবরাদ্দ প্রদান করিয়া অত্র অধিদপ্তরকে অবহিত করিতে অনুরোধ করা যাইতেছে। উক্ত অর্থ খরচ করিবার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ অনুসরণ/ পালন করিতে হইবে ঃ

শর্তঃ-
১) কোন অবস্থাতেই প্রকল্পের অনুমোদিত ব্যয় ও অনুমোদিত অংগের বাইরে বরাদ্দকৃত অর্থ ব্যয় করা যাইবে না।
২) এই অর্থ ব্যয়ের ক্ষেত্রে উন্নয়ন প্রকল্পের জন্য অনুসৃত নীতিমালা যথাযথভাবে পালন করিতে হইবে।
৩) কাজ যথাযথ ভাবে সম্পাদন করা হইয়াছে মর্মে প্রত্যাশি সংস্থার নিকট হইতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চুড়ান্ত বিল পরিশোধ যোগ্য।
৪) বরাদ্দকৃত অর্থ চলতি অর্থ বছরে খরচ করিতে হইবে এবং খরচের হিসাব প্রত্যাশি সংস্থার/ অত্র অধিদপ্তরের নিকট প্রেরণ করিতে হইবে।
৫) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হইলে বিল পরিশোধকারী দায়ী থাকিবে।

(ইশতিয়াক আহমেদ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোন-৯৫৬৮৯১৪

স্মারক নং-২এফ-৬৪/২০১১(অংশ)/ ৪৫৮/১(২৬) হি-১, তারিখঃ- ০৫/০৯/১৪২২বাং / ২০/১২/২০১৫ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়)ঃ-

০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী(সওস)/ (পঃওবিঃপ্রঃ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, ঢাকা/ সিলেট/ বরিশাল।
০৩। হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
০৪। মহা-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সমন্বয়)/ (মনিটরিং এন্ড অডিট)/ (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
০৬। প্রকল্প পরিচালক, দেশের গুরুত্বপুর্ন ২৫টি উপজেলা সদর/ স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। উপরোক্ত তাহার স্মারক ও তারিখের বরাতে।
০৭। উপ-সচিব, বাজেট অধিশাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। প্রধান প্রকৌশলী মহোদয়ের ষ্টাফ অফিসার (নিঃপ্রঃ), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৯। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ- কিশোরগঞ্জ/ সুনামগঞ্জ/ ভোলা।
১০। নির্বাহী প্রকৌশলী(ই/এম), এম আই এস সেল, রুম নং-৫১৬, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২ তলা সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্ব-রাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
১৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা- কিশোরগঞ্জ/ সুনামগঞ্জ/ ভোলা।
১৫। তত্ত্বাবধায়ক, উন্নয়ন শাখা-৪, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
১৬। গার্ড নথি, হিসাব শাখা-১/ হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

(ইশতিয়াক আহমেদ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।